



তথ্য অধিদফতর

PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্য বিবরণী

নম্বর-১৩

রাজশাহীতে রোভিং সেমিনারে রাসিক মেয়র লিটন
‘প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে খাদ্য স্বয়ংসম্পূর্ণ বাংলাদেশ’

রাজশাহী; ১৬ শ্রাবণ (৩১ জুলাই) :

রাজশাহী সিটি কর্পোরেশনের (রাসিক) মেয়র এএইচএম খায়রুজ্জামান লিটন বলেছেন, যে বাংলাদেশে সাড়ে ৭ কোটি মানুষ দু'বেলা ঠিকমতো খেতে পারতো না, সেই বাংলাদেশে আজ সাড়ে ১৬ কোটি মানুষ তিনবেলা খেতে পারছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে খাদ্য স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছে বাংলাদেশ।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহীর আয়োজনে আজ (রোববার) জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় রোভিং সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

মেয়র বলেন, বাংলাদেশ স্বাধীনতার পর ১৯৭৪ সাল পর্যন্ত দেশে সার, খাদ্যসহ বিভিন্ন ক্ষেত্রে কৃত্রিম সংকট সৃষ্টি করা হয়েছিল। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রান্ত চেষ্টায় কৃষকদের সুযোগ-সুবিধা বৃদ্ধি করে সেই পরিস্থিতির উত্তরণ ঘটিয়েছিলেন।

মেয়র আরো বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ সরকার ধারাবাহিকভাবে ১৫ বছর ক্ষমতায় থেকে দেশে যেসব ক্ষেত্রে দৃশ্যমান উন্নয়ন করেছে, তার মধ্যে খাদ্য স্বয়ংসম্পূর্ণতা অর্জন অন্যতম। কৃষকদের জন্য তথ্য অবারিত করেছে সরকার। প্রধানমন্ত্রীর সুযোগ্য পুত্র সজীব ওয়াজেদ জয়ের ডিজিটাল বাংলাদেশে ইউনিয়ন পর্যায়ে কৃষকদের জন্য তথ্য ড্রেক্স স্থাপন করা হয়েছে, যেখান থেকে সুফল পাচ্ছেন কৃষকেরা। যেকোন প্রাকৃতিক দুর্ঘাগে কৃষকদের আগাম বার্তা দিয়ে সহায়তা করছে কৃষি তথ্য সার্ভিস।

মেয়র বলেন, বাংলাদেশ বিশ্বে ধান উৎপাদনে তৃতীয় অবস্থানে ও মর্ঠা পানির মাছ উৎপাদনে ৪ৰ্থ স্থান অর্জন করেছে। ইলিশ ও গবাদিগুড়ের উৎপাদন বেড়েছে। সবই সম্ভব হয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার দক্ষ নেতৃত্বের কারণে। এছাড়া কৃষিক্ষেত্রে যান্ত্রিকীকরণের উদ্যোগের সুফল পাচ্ছেন দেশের কৃষকেরা।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহীর উপপরিচালক কৃষিবিদ মোঃ মোজদার হোসেনের সভাপতিত্বে সেমিনারে বক্তব্য রাখেন সাবেক প্রতিমন্ত্রী অধ্যাপিকা জিনাতুন নেসা তালুকদার, রাজশাহী জেলা প্রশাসক কার্যালয়ের স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক শাহানা আকতার জাহান, রাজশাহী মহানগর আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ আলী কামাল, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ সেন্ট্রাল কমান্ড কাউন্সিলের নির্বাহী পরিচালক বীর মুক্তিযোদ্ধা মোঃ মতিউর রহমান, রাজশাহী মহানগর ইউনিটের সাবেক কমান্ডার বীর মুক্তিযোদ্ধা আব্দুল মান্নান প্রমুখ।##

.....
 তৌহিদ/হালিম/২০২২/১৫:০০ ঘ.